# প্রেস বিজ্ঞপ্তি

সূত্রঃ তেজগাঁও থানার এফআইআর নং-১২, তারিখ- ১০ জুন, ২০২৩; ধারা- ৪২০/৪০৬ পেনাল কোড তৎসহ ৮(১)/৮(২) মানব পাচার প্রতিরোধ ও দমন আইন, ২০১২

সূত্রে বর্ণিত মামলার বাদী মোঃ আকতারুজ্জামান (২৯) অত্র থানায় হাজির হয়ে এজাহার দায়ের করেন যে, আসামী সাইফুল ইসলাম দিলদার ও তাহার অপরাপর আসামীদের সহায়তায় 'বাংলাদেশ মানবাধিকার কমিশন' নামে কথিত একটি সংস্থা পরিচালনা করে। জাতীয় মানবাধিকার কমিশনের আইন বলে মানবাধিকার কমিশন হিসেবে "কমিশন" শব্দটি শুধুমাত্র জাতীয় মানবাধিকার কমিশন লিখতে পারবে। সেই আলোকে বাংলাদেশ মানবাধিকার কমিশন নামিয় সংস্থাটির বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট ডিভিশনে রিট করিলে মহামান্য হাইকোর্ট হতে কমিশন শব্দটি বাদ দেওয়ার জন্য আসামী সাইফুল ইসলাম দিলদার এর উপর নির্দেশ আসে কিন্তু তিনি উক্ত নির্দেশনা অমান্য করে বিভিন্ন ধরনের আইন বহির্ভূত কর্মকান্ড পরিচালনা করে জনসাধারণের সাথে ক্রমাগত প্রতারণা করে চলছে। বিজ্ঞ আদালত সংস্থাটির নামের শেষে 'কমিশন' ও সংক্ষেপে BHRC শব্দ দুটি কোথাও ব্যবহার করতে পারবে না মর্মে নিষেধাজ্ঞা প্রদান করা সত্তেও উক্ত আদেশ অমান্য করে ক্রমাগত তারা জাতীয় মানবাধিকার কমিশন এর ওয়েব সাইট www.nhrc.org.bd এর আদলে (http://ww/w.bhrc-bd.org/) ওয়েব সাইট তৈরী করতঃ ব্যবহারের মাধ্যমে বিভিন্ন ধরণের অপরাধ করে যাচ্ছে। এছাড়া তাহারা (http://ww/w.bhrc-bd.org/) ওয়েব সাইটের মাধ্যমে প্রচার প্রচারনা চালাচ্ছে। এতে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান জাতীয় মানবাধিকার কমিশন এর ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে। উক্ত সংস্থার মহাসচিব জনৈক সাইফুল ইসলাম দিলদার, ঠিকানা-২২২/খ মালিবাগ (২য় তলা) ফ্লাট সি-২, ঢাকা-১২১৭ তাদের নিজস্ব ফেইসবুক পেইজ ও ওয়েবসাইট (http://ww/w.bhrc-bd.org/) এ যুক্তরাজ্য মানবাধিকার কনভেনশন -২০২৩ নামে একটি বিজ্ঞাপন (কপি সংযুক্ত) প্রচার করে যুক্তরাজ্যে পাঠানো হবে বলে লোক সংগ্রহ করছে। উক্ত বিজ্ঞাপন গত ০৪/০৬/২০২৩ ইং তারিখ বাদী অফিসে অবস্থান করাকালিন বাদীর নজরে আসে। আসামী সাইফুল ইসলাম দিলদার তাদের ফেইসবুক পেইজ ও ওয়েবসাইটে সদস্য সংগ্রহ, বিভিন্ন দেশে প্রেরণ, কমিটি গঠন ইত্যাদি প্রচার করে জনসাধারণের সাথে প্রতারণা করছে। বিষয়টি বাদীর নজরে আসলে সাক্ষীগণকে অবহিত করেন। অতঃপর বাদী তাহার ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানালে এ বিষয়ে বাদীকে মামলা করার নির্দেশনা প্রদান করে। এছাড়া উক্ত সংগঠনের সদস্যরা তাদের ব্যবহৃত ঢাকা মেট্রো-ঘ-১১-৩৭১৩ নং এবং ঢাকা মেট্রো-ঘ-১৮-২৮৯৩ গাড়িতে পতাকাষ্ট্যান্ড ও বাংলাদেশের মানচিত্র খচিত সোনালী রং এর প্রতিক যার ভিতরে প্রেসিডেন্ট বাংলাদেশ মানবাধিকার কমিশন (Bangladesh Human Rights Commission President) ও সংক্ষেপে BHRC শব্দ ব্যবহার করে নিজেদেরকে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান জাতীয় মানবাধিকার কমিশন হিসেবে পরিচয় দিচ্ছে। আসামী সাইফুল ইসলাম দিলদার ও তাদের সহযোগী অজ্ঞাতনামা আসামীরা ডিজিটাল বা ইলেকট্রনিক প্রতারণার মাধ্যমে ফেইসবুক পেইজ ও ওয়েবসাইটে উদ্দেশ্য প্রণোদিতভাবে জনসাধারণকে প্রতারণাপূর্বক ক্ষতিসাধনের লক্ষ্যে মানব পাচারের উদ্দেশ্যে জাতীয় মানবাধিকার কমিশনের প্রেসিডেন্ট/মহাসচিব/সচিব রূপে কর্মকান্ড করে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের ভাবমূর্তি নষ্ট করছে। আসামীগন অপরাধ সংঘটনে প্ররোচনা ও প্রচেষ্টা চালানোর অপরাধের নিমিত্তে অত্র থানায় হাজির হয়ে বাদী এজাহার দায়ের করলে অত্র থানায় মামলাটি রুজু হয়।

অত্র মামলাটি থানায় রুজু হওয়ার পর মামলার তদন্তকারী অফিসার এসআই/ অপূরব কুমার বর্মন সঙ্গীয় অফিসার, ফোর্স ও নারী পুলিশ নিয়ে ইং- ১১/০৬/২০২৩ তারিখ ডিএমপি ঢাকার শাহজাহানপুর থানাধীন মালিবাগস্থ ২২২/খ নং বাসার ২য় তলায় বাংলাদেশ মানবাধিকার কমিশনের অফিসে অভিযান পরিচালনা করে ১। মোঃ সাইফুল ইসলাম দিলদার (৬৫), ২। মোঃ বাদল মোল্লা (৪০), ৩। রুহুল আমিন (৪৩), ৪। মোঃ তাজউদ্দীন (৪৮), ৫। মোঃ কাইয়ুম, আইনের সহিত সংঘাতে জড়িত শিশু ৬। মোঃ তামিম আহম্মেদ (১৭) এবং নারী আসামী ৭। সূচী আফরিন (২৬)'দের গ্রেফতার করা হয়। গ্রেফতার পরবর্তীতে আসামীদের অফিস রুম হইতে আসামীদের প্রতারণার ও মানব পাচার কাজে ব্যবহৃত মামলার সুষ্ঠ তদন্তের স্বার্থে মামলার মুল রহস্য উৎঘাটন প্রতারক ও মানবপাচার চক্রের পলাতক ও সহযোগী আসামীদের নাম ঠিকানা সংগ্রহ ও অবস্থান নির্নয় পূর্বক গ্রেফতারের লক্ষ্যে ধৃত আসামীদের সাথে আরো অন্য কোন আসামীরা জড়িত আছে কিনা জানার জন্য আসামী সাইফুল ইসলাম দিলদার ও রুহুল আমিন'কে জিজ্ঞাসাবাদের জন্য পুলিশ রিমান্ড চাওয়া হয়েছে।

## জব্দকৃত আলামতের বর্ণনাঃ

১। আসামী সাইফুল ইসলাম দিলদার এর সেক্রেটারী জেনারেল বাংলাদেশ মানবাধিকার কমিশন লেখা ২০টি ভিজিটিং কার্ড, ২। বাংলাদেশ মানবাধিকার কমিশন এর বিভিন্ন ব্যাক্তির ৯৬টি আইডি কার্ড, ৩। ১০টি বাংলাদেশ মানবাধিকার কমিশন এর গাইড লাইন বই, ৪। ০১টি কর্মকর্তা কর্মচারীর তালিকা, ৫। ১১টি বাংলাদেশ মানবাধিকার কমিশন এর বিভিন্ন ধরনের সিল, ৬। ০১টি বাংলাদেশ মানবাধিকার কমিশন এর কালো কটি জ্যাকেট, ৭। বাংলাদেশ মানবাধিকার কমিশন এর ১৫টি সদস্য ফর্ম, ৮। বাংলাদেশ মানবাধিকার কমিশন এর ২০টি ক্যালেন্ডার, ৯। বাংলাদেশ মানবাধিকার কমিশন এর ০১টি মানি রিসিভ বহি, ১০। ০৩টি সিপিইউ, ১১। বাংলাদেশ মানবাধিকার কমিশন লোগো ব্যবহৃত ০১টি মাইক্রো বাস ও ০১টি প্রাইভেটকার।

## ধৃত আসামীদের নাম ও ঠিকানাঃ

১. সাইফুল ইসলাম দিলদার(৬৫), পিতা-মরহুম ফকরুল ইসলাম ভুইয়া, মাতা-মৃত আফিয়া বেগম , ঠিকানা: স্থায়ী: (সাং- দাউদপুর) , উপজেলা/থানা- রূপগঞ্জ, জেলা -নারায়ণগঞ্জ, বাংলাদেশ:বর্তমান: গ্রাম- মালিবাগ (২২২/খ , (২য় তলা) ফ্লাট সি-২,) , উপজেলা/থানা- শাহজাহানপুর, জেলা -ঢাকা, বাংলাদেশ
২. রুহুল আমিন(৪৩), পিতা-মৃত আব্দুর রহিম, মাতা-সাফেরা খাতুন , ঠিকানা: স্থায়ী: (সাং- প্রেমু) , উপজেলা/থানা- দেবীদ্বার, জেলা - কুমিল্লা, বাংলাদেশ:বর্তমান: গ্রাম- শান্তিবাগ (বাসা নং- ১০২) , উপজেলা/থানা- শাহজাহানপুর, জেলা -ঢাকা, বাংলাদেশ
৩. মোঃ বাদল মোল্লা(৪০), পিতা-আব্দুল বারেক মোল্লা, মাতা-মোসাঃ রাহেলা বেগম , ঠিকানা: স্থায়ী: গ্রাম- সিংহেরাকাঠি, উপজেলা/থানা- বাউফল, জেলা -পটুয়াখালী, বাংলাদেশ:বর্তমান: গ্রাম- মালিবাগ (বাসা নং- ২২২/খ) , উপজেলা/থানা- শাহজাহানপুর, জেলা -ঢাকা, বাংলাদেশ
৪. মোঃ তাজউদ্দীন(৩৮), পিতা-মৃত গিয়াস উদ্দীন, মাতা-আরুজা বেগম , ঠিকানা: স্থায়ী: গ্রাম- হাড়িসাংগান, উপজেলা/থানা- বেলাবো, জেলা -নরসিংদী, বাংলাদেশ:বর্তমান: গ্রাম- মালিবাগ (বাসা নং- ২২২/খ) , উপজেলা/থানা- শাহজাহানপুর, জেলা -ঢাকা, বাংলাদেশ
৫. মোঃ কাইয়ুম(৫০), পিতা-মোঃ মোতালেব, মাতা-খোদেজা বেগম , ঠিকানা: স্থায়ী: গ্রাম- হাড়িসাংগান, উপজেলা/থানা- বেলাবো, জেলা - নরসিংদী, বাংলাদেশ:বর্তমান: গ্রাম- মালিবাগ (বাসা নং- ২২২/খ) , উপজেলা/থানা- শাহজাহানপুর, জেলা -ঢাকা, বাংলাদেশ
৬. মোঃ তামীম আহাম্মেদ(১৭), পিতা-মোঃ রফিকুল ইসলাম, মাতা-মোসাঃ তানিয়া খাতুন , ঠিকানা: বর্তমান: গ্রাম- মালিবাগ (৪র্থ তলা কর্মচারী কোয়াটার আবু হর গিফারী কলেজের সামনে) , উপজেলা/থানা- শাহজাহানপুর, জেলা -ঢাকা, বাংলাদেশ
৭. সুচী আফরিন(২৬), পিতা-মোঃ সোহেল, মাতা-নাসিমা বেগম , ঠিকানা: স্থায়ী: (সাং- উলমা বাজার) , উপজেলা/থানা- সোনাগাজী, জেলা - ফেনী, বাংলাদেশ:বর্তমান: গ্রাম- মালিবাগ (বাসা নং- ১৫৮) , উপজেলা/থানা- শাহজাহানপুর, জেলা ঢাকা।